বাংলাদেশ কৃষি ব্যাংক

গোপনীয়

প্রধান কার্যালয়, ঢাকা।

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-২

নং-প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ৩৫৯৮(শৃঙ্খলা)/(১৯-২০)/২০২১-২০২২/

তারিখঃ ১৩.০১.২০২২ খ্রিঃ

## কর্মী সংক্রান্ত ঘোষণা

যেহেতু আপনি জনাব মাসুদুর রহমান (এম-৪০৩৭), মুখ্য কর্মকর্তা(সাময়িক বরখাস্তকৃত), বিকেবি, মেলান্দহ শাখা, জামালপুর ইতঃপূর্বে একই শাখায় ২য় কর্মকর্তা (মুখ্য কর্মকর্তা) হিসেবে দায়িত্ব পালনকালে সংঘটিত অনিয়মের দায়ে আপনার বিরুদ্ধে বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর অধীনে শৃঙ্খলা সম্পর্কিত ৩৮ এর (ক), (খ) ও (চ) প্রবিধি মোতাবেক যথাক্রমে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, আত্মসাৎ ও প্রতারণামূলক অপরাধের জন্য ৪৫/১৯-২০ নম্বর বিভাগীয় শৃঙ্খলাজনিত মামলা রুজু করিয়া অত্র বিভাগের ২৮-০১-২০২০ খ্রিঃ তারিখের প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ৩৫৯৮ (শৃঙ্খলা)/১৯-২০/১৯৭৩ নম্বর স্মারকমূলে অভিযোগনামা জারি করা হইয়াছিল। আপনি উহার জবাব দাখিল করিয়াছিলেন এবং কর্তৃপক্ষ উক্ত মামলায় তদন্ত বোর্ড নিয়োগ করিয়াছিলেন ;

০২। যেহেতু তদন্ত বোর্ড উক্ত বিভাগীয় মামলা প্রবিধান মোতাবেক তদন্তান্তে কর্তৃপক্ষের নিকট তদন্ত প্রতিবেদন পেশ করিয়াছিলেন;

০৩। যেহেতু কর্তৃপক্ষ আপনার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ, আপনার জবাব, তদন্ত বোর্ড কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুষঙ্গিক তথ্যাদি পর্যালোচনা করিয়া আপনি জনাব মাসুদুর রহমান আপনাকে আপনার বিরুদ্ধে প্রমাণিত অভিযোগসমূহের জন্য বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর ৩৯(১)(খ)(উ) প্রবিধি মোতাবেক আপনাকে চাকুরি হইতে বরখাস্ত করিবার প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করতঃ কেন আপনাকে চাকুরি হইতে বরখাস্ত করা হইবে না-এই মর্মে চূড়ান্ত কারণ দর্শানোর নোটিশ জারির সিদ্ধান্ত গ্রহণ করেছিলেন এবং ১৫.০৭.২০২১ খ্রিঃ তারিখের প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ০১ঃ৩৫৯৮(শৃঙ্খলা)/১৯-২০/২০২১-২০২২/১৩০ নম্বর কর্মী সংক্রান্ত ঘোষণামূলে চূড়ান্ত কারণ দর্শানো নোটিশ জারি করা হইয়াছিল;

০৪। যেহেতু আপনি জনাব মাসুদুর রহমান অত্র বিভাগের ১৫.০৭.২০২১ খ্রিঃ তারিখের চূড়ান্ত কারণ দর্শানো নোটিশের জবাব ২৩-০৮-২০২১ খ্রিঃ তারিখে দাখিল করিয়াছিলেন। অতঃপর কর্তৃপক্ষ সার্বিক বিষয়াদি বিচার-বিশ্লেষণ করিয়া আপনি জনাব মাসুদুর রহমান আপনাকে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, আত্মসাৎ ও প্রতারণামূলক অপরাধের দায়ে দোষী সাব্যস্ত করতঃ গুরুদণ্ড প্রদানের চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করেন;

০৫। এক্ষণে সেহেতু কর্তৃপক্ষ গৃহীত সিদ্ধান্ত মোতাবেক আপনি জনাব মাসুদুর রহমান আপনাকে বাংলাদেশ কৃষি ব্যাংক(কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর ৩৯ (১)(খ)(উ) প্রবিধি অনুসারে চাকুরি হইতে বরখাস্তের আদেশ দিলেন ।

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আদেশক্রমে-

জনাব মাসুদুর রহমান
ভঃতঃসূচক নং- এম-৪০৩৭
মুখ্য কর্মকর্তা(বরখাস্তকৃত),
বিকেবি, মেলান্দহ শাখা
জামালপুর।

স্বাক্ষরিত
(মোঃ আব্দুর রউফ)
উপমহাব্যবস্থাপক

নং-প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ৩৫৯৮(শৃঙ্খলা)/(১৯-২০)/২০২১-২০২২/ ৭৭২৮-(৫)

তারিখঃ ১৩.০১.২০২২ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইলঃ-

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০২। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন), বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক, বিকেবি, বিভাগীয় কার্যালয়, ময়মনসিংহ।

০৪। উপমহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-১, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। আরোপিত শাস্তি সংশ্লিষ্ট কর্মকর্তার চাকুরি বহিতে লিপিবদ্ধ করিয়া কর্মী সংক্রান্ত ঘোষণাটি তার ব্যক্তিগত নথিতে সংরক্ষণের জন্য অনুরোধ করা হলো।

০৫। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। কর্মী সংক্রান্ত ঘোষনাটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০৬। উপমহাব্যবস্থাপক, নিরীক্ষা বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০৭। উপমহাব্যবস্থাপক, পরিপালন বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

০৮। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, ময়মনসিংহ।

০৯। মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, জামালপুর।

১০। ব্যবস্থাপক, বিকেবি, মেলান্দহ শাখা, জামালপুর। এতৎসঙ্গে প্রেরিত মূল কর্মী সংক্রান্ত ঘোষণাটি জনাব মাসুদুর রহমান এর নিকট প্রাপ্তিস্বীকার রসিদ মারফত হস্তান্তর করতঃ রসিদটি অত্র বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

১১। নথি/মহানথি/মূলনথি।

(আ খ ম আল কাউছার)
সহকারী মহাব্যবস্থাপক